দামুড়হুদা উপজেলা বালাইনাশক বিক্রেতা এসোসিয়েশনের বার্ষিক সম্মেলন

দামুড়হুদা উপজেলা বালাইনাশক বিক্রেতা এসোসিয়েশন বার্ষিক সম্মেলন ২০২৩ অনুষ্ঠিত হয়েছে। রবিবার দুপুর ২টার সময় ডিসি ইকোপার্কে চড়ুইভাতি চত্বরে।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা -২ আসনের সংসদ সদস্য হাজী আলী আজগার টগর। এসময় তিনি বলেন বাংলাদেশ কৃষি প্রধান দেশ, এদেশের অর্থনীতি প্রবৃদ্ধিতে কৃষি বিভাগ অগ্রণী ভূমিকা পালন করে। জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সোনার বাংলা গড়তে তারই সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা সরকার একটি কৃষি বান্ধব সরকার। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশে কৃষি বিভাগের তত্ত্বাবধানে কৃষকের মাঝে ন্যায্য মূল্যে কৃষকের কাছে সার পৌঁছে দিচ্ছে। বঙ্গবন্ধুর এ স্বপ্ন পূরণে অগ্রনী ভূমিকায় রয়েছেন আপনাদের মতো বালাইনাশক খুচরা বিক্রেতা।বর্তমানে দামুড়হুদা উপজেলায় বালাই নাশক খুচরা বিক্রেতাদের মাধ্যমে প্রতি বছরে বিনা সুদে বাকিতে প্রায় সরকারি মূল্যে দেড়শো কোটি টাকার উন্নত মানের বীজ,সার ও কীটনাশক সরবারহ করে থাকি।

দামুড়হুদা উপজেলা বালাইনাশক বিক্রেতা এসোসিয়েশন কর্তৃক আয়োজিত বার্ষিক সম্মেলনে চুয়াডাঙ্গা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক বিভাস চন্দ্র সাহা’র সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন জেলা পরিষদের চেয়ারম্যান মাহফুজুর রহমান মঞ্জু, দামুড়হুদা উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক হাজী শহিদুল ইসলাম, দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু, উপজেলা ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি ফেরদৌস ওয়াহিদ, দামুড়হুদা উপজেলা সিআইজি কৃষক সংগঠনের সভাপতি সামসুল ইসলাম।

দামুড়হুদা উপজেলা কৃষি অফিসার মনিরুজ্জামান মনিরের প্রাণবন্ত সঞ্চালনায় অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন কার্পাসডাঙ্গা ইউপি চেয়ারম্যান আ: করিম,কুড়ালগাছি ইউপি চেয়ারম্যান কামাল উদ্দিন,